

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

“উন্নয়নের অক্সিজেন রাজস্ব”  
“জনকল্যাণে রাজস্ব”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।



E-mail:customhousectg@gmail.com www.chc.gov.bd

নথি নং-৪/৪৮/প্রশাসন/বিবিধ পত্রালাপ/২০১৬-১৭(অংশ-২)/২৩৬১৫(কাস)

তারিখ: ২৮/০৪/২০২০ খ্রিঃ।

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতিতে চট্টগ্রাম বন্দরে স্ট্র কন্টেইনার জট নিরসনে চট্টগ্রামে অবস্থিত অফডকসমূহে (প্রাইভেট আইসিডি) অনুমোদিত পণ্যের অতিরিক্ত পণ্য সাময়িকভাবে সংরক্ষণ ও আনস্টাফিং করা এবং উক্ত অফডকসমূহ হতে খালাসের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা পরিপালন।

সূত্র: ১) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-১৭(৩)সঃনীঃওবাঃ/২০১৩/১৪৪, তারিখ: ২৩ এপ্রিল, ২০২০ খ্রিঃ।  
২) কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামের পত্র নং-২-ইটি(০১)আইওআই/চট্ট/২০১১/ অংশ-১/১৩১৭, তারিখ: ২৬/০৪/২০২০ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতিতে চট্টগ্রাম বন্দরে স্ট্র কন্টেইনার জট নিরসনের লক্ষ্যে চট্টগ্রাম বন্দরে আগত সকল ধরনের পণ্যচালান সংশ্লিষ্ট কন্টেইনার চট্টগ্রামে অবস্থিত অফডকসমূহে (প্রাইভেট আইসিডি) সংরক্ষণ ও আনস্টাফিং করা এবং উক্ত অফডকসমূহ হতে খালাসের বিষয়ে সূত্রোক্ত ১নং পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনায় অফডকে স্থানান্তরিত সকল বাণিজ্যিক পণ্যচালান আবশ্যিকভাবে কাস্টম হাউস, চট্টগ্রাম এবং কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের প্রতিনিধি কর্তৃক যৌথভাবে শতভাগ কায়িক পরীক্ষা করে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে উল্লেখ করা হয়। তৎপরিস্থিতিতে সূত্রোক্ত ২নং পত্রের মাধ্যমে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক অফডকে স্থানান্তরিত পণ্যচালানসমূহের তালিকা কায়িক পরীক্ষণ দিবসের অব্যবহিত পূর্বের কার্যদিবস বা তৎপূর্বে প্রেরণের জন্য কাস্টম হাউস, চট্টগ্রামকে অনুরোধ করা হয়েছে।

২। বর্ণিত পরিস্থিতিতে সমস্ত পণ্যচালান অফডকে কাস্টম হাউস, চট্টগ্রাম এবং কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের প্রতিনিধি কর্তৃক যৌথভাবে কায়িক পরীক্ষণের বাধ্যবাধকতা রয়েছে সে সকল পণ্যচালানের তথ্য কায়িক পরীক্ষণের আগের দিন বিকাল ৩.০০ টার পূর্বে নিম্নোক্ত ছকে এ দপ্তর (কমিশনার মহোদয়ের পিএ) বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

“ছক”

ক্রমিক নং	বি/ই নং ও তারিখ	পণ্যের বর্ণনা	অফডকের নাম	কায়িক পরীক্ষণের তারিখ	সিএন্ডএফ এজেন্টের নাম ও মোবাইল নং	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।						
২।						

৩। বিয়য়টি আপনার সংগঠনের প্রত্যেক সদস্যকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

  
[মোঃ মাহবুবুর রহমান]  
অ্যাসিস্ট্যান্ট কমিশনার (প্রিভেন্টিভ)  
ফোন : ০৩১-২৫১৮০১৫

সভাপতি/সাধারণ সম্পাদক  
চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম।

নথি নং-৪/৪৮/প্রশাসন/বিবিধ পত্রালাপ/২০১৬-১৭(অংশ-২)/২৩৬১৫( )কাস, তারিখ: ২৮/০৪/২০২০ খ্রিঃ।

অনুলিপি সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। অতিরিক্ত মহাশ্বরীচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
- ২। জয়েন্ট কমিশনার (অফডক), কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৩। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার (অফডক), কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৫। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ে সদস্য অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।

[মোঃ মাহবুবুর রহমান]  
অ্যাসিস্ট্যান্ট কমিশনার (প্রিভেন্টিভ)